

**উন্নয়ন কি প্রত্যাহারের দাবি
 জীবিত ছাত্রজোটের
 আন্দোলনে সাধারণ
 শিক্ষার্থীদের একাত্মতা**
 জিবি প্রতিনিধি

জনমান্য বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন কি প্রত্যাহারের দাবিতে প্রগতিশীল ছাত্রজোটের চলমান আন্দোলনে বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থীরাও একাত্মতা ঘোষণা করেছে।

বৃহস্পতিবার আন্দোলনকারীরা তাদের দাবি আদ্যে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও ব্যাংক অবরোধ কর্মসূচি পালন করেছে। আন্দোলনকারী শিক্ষার্থীদের সঙ্গে বিশ্ববিদ্যালয় প্রশাসনের এমন পর্যন্ত কোন সমঝোতা না হওয়ায় আন্দোলন আরও সুদূরপ্রসারী হতে পারে ধারণা করছেন সংগঠকরা। আন্দোলনকারী শিক্ষার্থীরা জানিয়েছে, পনিবারের মধ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাদের দাবি মেনে না নিলে তারা ব্যাংক অবরোধসহ আরও ধর্মঘটের ডাক দেবে। এদিকে বিশ্ববিদ্যালয় ডিসি অধ্যাপক ড. মেসবাহউদ্দিন আহমেদ চলমান এই আন্দোলনকে সম্পূর্ণ অযৌক্তিক বলে দাবি করেছেন। প্রত্যক্ষদর্শীরা জানায়, বিশ্ববিদ্যালয় উন্নয়ন কি প্রত্যাহারের দাবিতে বৃহস্পতিবার সকাল ১০টায় প্রগতিশীল ছাত্রজোটের নেতাকর্মীরা ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল বের করে। সকাল সাড়ে ১০টার দিকে বিশ্ববিদ্যালয়ের কর্তৃক শতাধিক সাধারণ শিক্ষার্থী 'সংহতি' বানারে বিক্ষোভ মিছিল নিয়ে প্রগতিশীল ছাত্রজোটের সঙ্গে যোগ দেয়। এদিকে বুধবার বিশ্ববিদ্যালয়ের শিক্ষকের সঙ্গে প্রগতিশীল ছাত্রজোটের নেতাকর্মীদের ধড়াধড়ির ঘটনায় বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা কালব্যাজ ধারণ ও মানববন্ধন কর্মসূচি পালন করেছে। কর্মসূচিতে শিক্ষকরা ওই ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানায়।